



ফুসফুসের ক্যানসার ধরা পড়েছে পোপ লিওর: রয়টার্স



পোপ লিও। ছবি: সংগৃহীত

ক্যাথলিক খ্রিষ্টানদের ধর্মগুরু পোপ লিও চতুর্দশের ফুসফুসে ক্যানসার শনাক্ত হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) রোমের জেমেলি হাসপাতালে অস্ত্রোপচারের পর বিষয়টি নিশ্চিত করে ভ্যাটিকান।

ভ্যাটিকানের চিকিৎসা বুলেটিন অনুযায়ী, ৭১ বছর বয়সী পোপের ডান ফুসফুসে অ্যাডেনোকার্সিনোমা ধরা পড়েছে। অস্ত্রোপচারে তাঁর ডান ফুসফুসের নিচের অংশ অপসারণ করা হয়েছে। চিকিৎসকেরা জানিয়েছেন, প্রায় ৯০ মিনিটের অস্ত্রোপচার জটিলতা ছাড়াই সম্পন্ন হয়েছে।

তবে ক্যানসারটি কোন পর্যায়ে রয়েছে, তা এখনো স্পষ্ট নয়। রোগটি লসিকাগ্রন্থিতে ছড়িয়েছে কি না, তার ওপর চিকিৎসা ও সুস্থ হওয়ার সম্ভাবনা নির্ভর করবে বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা।

বার্তা সংস্থা রয়টার্সকে যুক্তরাষ্ট্রের ফুসফুসের ক্যানসার বিশেষজ্ঞ স্টিফেন লিউ বলেন, ক্যানসারের পর্যায়ে জানা চিকিৎসার ধরন ও ভবিষ্যৎ গতিপ্রকৃতি নির্ধারণে গুরুত্বপূর্ণ। রোগটি সীমিত থাকলে অস্ত্রোপচারের মাধ্যমেই নিরাময় সম্ভব হতে পারে।

অস্ত্রোপচারের পর পোপের জ্ঞান স্বাভাবিকভাবে ফিরে আসে এবং তাঁকে হাসপাতালের কক্ষ নেওয়া হয়। ভ্যাটিকান জানিয়েছে, তাঁর প্রায় এক সপ্তাহ হাসপাতালে থাকার কথা রয়েছে। আগামী ২০ অক্টোবর পর্যন্ত তাঁর প্রকাশ্য কর্মসূচিও বাতিল করা হয়েছে।